

প্রেস নোট

র্যালি নর্থ ক্যারোলিনা, ৭ জানুয়ারী ২০০৮, আনোয়ার উল ইসলাম মুকুল।

নর্থ ক্যারোলিনার ট্রাইঙ্গল এরিয়ার বাংলাদেশীরা গত ১৮ অক্টোবর ২০০৭ সালে কংগ্রেসে উপস্থাপিত মার্কিন কংগ্রেসম্যান জিম ম্যাকগার মটের (D-WA) বিল এইচ আর ৩৯০৫ যা কিনা নিউ পার্টনারসিপ ডেভেলপমেন্টে এ্যাক্ট ২০০৭ নামে পরিচিত বিলটির সমর্থনে ও কোস্পনসরের লক্ষে নর্থ ক্যারোলিনার ডেমোক্রট কংগ্রেসম্যান ব্রেড মিলারের অফিসে এক বৈঠকে মিলিত হন। এখানে উল্লেখ্য যে এই বিলটিতে বাংলাদেশসহ বিশ্বের অন্যান্য স্বল্পোন্নত দেশ থেকে যুক্তরাষ্ট্রের আমদানীকৃত সকল প্রকার পণ্যের উপর শুল্ক ও কোটা প্রত্যাহারে ও বাংলাদেশসহ বিশ্বের স্বল্পোন্নত দেশের দারিদ্র বিমোচন ও অর্থনৈতিক উন্নয়ন করার কথা বলা হয়েছে।

নর্থ ক্যারোলিনার বাংলাদেশী প্রতিনিধিরা কংগ্রেসম্যান ব্রেড মিলারকে এই বিলের সংস্পর্শে তাদের জোরালো যুক্তি দেখান এবং সম্মানিত কংগ্রেসম্যানকে সমর্থনসহ কোস্পনসরের জন্য অনুরোধ করেন। বিলটির সমর্থনে প্রতিনিধিরা একটা প্যাকেজও কংগ্রেসম্যান মিলারকে প্রদান করেন। এই বৈঠকে কংগ্রেসম্যান মিলার গভীর আগ্রহের সহিত প্রতিনিধিদের যুক্তিগুলো শোনেন এবং তিন সপ্তাহ পর তার অফিসে আবারও যোগাযোগ করার জন্য উল্লেখ করেন। এছাড়া বিলটির বিপুল সমর্থনের জন্য অন্যান্য কংগ্রেসম্যানদের সাথে ব্যক্তিগতভাবে স্বাক্ষাত ও যোগাযোগ করার পরামর্শ দেন।

মার্কিন যুক্তরাষ্ট্রে নিউপার্টনারসিপ ডেভেলপমেন্ট এ্যাক্ট ২০০৭ ও বিল এইচ আর ৩৯০৫এর অনুমোদনের জন্য নর্থ ক্যারোলিনার বাংলাদেশীরা এই প্রথম তাদের বলিষ্ঠ ভূমিকা রাখেন ও অন্যান্য অঙ্গরাজ্যের বাংলাদেশীদেরকে এই মহৎ কাজে সাড়া দেওয়ার আহবান জানান ও তাদের সকল সহযোগিতা প্রদানে অঙ্গীকার ব্যক্ত করেন। এখানে উল্লেখ্য যে মার্কিন যুক্তরাষ্ট্রে নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত জনাব এম হুমায়ুন কবীর গত ১৭ নভেম্বর ট্রাইঙ্গল বাংলাদেশ সোসাইটি অব নর্থ ক্যারোলিনার বার্ষিক অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণে এন পি ডি এ্যাক্ট ও এইচ আর বিল ৩৯০৫ এর ব্যাপারে উল্লেখ করেন এবং নিজ নিজ কংগ্রেসম্যানদের কাছ থেকে সমর্থন ও অনুমোদনের জন্য অনুরোধ করেন। তিনি আরো বলেন সমর্থন ও অনুমোদন লক্ষে মার্কিন যুক্তরাষ্ট্রের সকল অঙ্গ রাজ্যে বাংলাদেশীদেরকে দূতাবাসের সর্বসহায়তা প্রদান করা হবে বলেও জানান। নর্থ ক্যারোলিনার প্রতিনিধিরা বাংলাদেশ দূতাবাসের সার্বিক সহায়তায় এই বিলটির অনুমোদনের জন্য কাজ করে যাচ্ছেন।

নর্থ ক্যারোলিনার ট্রাইঙ্গল বাংলাদেশ এরিয়ার প্রতিনিধিরা হলেন জনাব আনোয়ার উল ইসলাম মুকুল, জনাব মোহাম্মদ ফাতমি, ডঃ মোহাম্মদ মান্নান, জনাব সেলিম চৌধুরী, মিসেস ফাতিমা সেলিনা আকতার, ডঃ রেজা হক ও ডঃ রেজওয়ান আলী।

আনোয়ার উল ইসলাম মুকুল

ফোন ৯১৯ ৩০৮ ৭৪০৭

(ছবি সংযুক্ত আছে)